

তথ্যবিবরণী

নম্বর: ১২৬

ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানালেন ধর্মমন্ত্রী ফরিদুল হক খান

ইসলামপুর, জামালপুর, বুধবার, ২১ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিষ্টাব্দঃ

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৪ উপলক্ষে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন ধর্মমন্ত্রী মোঃ ফরিদুল হক খান। একুশের প্রথম প্রহরে রাত ০০:০১ মিনিটে জামালপুর ইসলামপুরের কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তিনি ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

ধর্মমন্ত্রীর শ্রদ্ধা নিবেদনের পরে ইসলামপুর জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা ও পৌর আওয়ামী লীগ, উপজেলা প্রেসক্লাবসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে শহিদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা সিরাজুল ইসলাম, অফিসার ইনচার্জ সুমন তালুকদার, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আঃ সালাম, উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি জামাল আবু নাছের চৌধুরী চার্লেস, মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মানিকুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/হদা/ রেজভী/ ২০১৪/ ১৯:৩০ ঘন্টা